

## এসএসসি ও সমমানের পরীক্ষা বিরতি কমেছে সময়সূচিতে

### যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষা ২ ফেব্রুয়ারি শুরু হচ্ছে। এবার পরীক্ষার সময়সূচিতে বিরতি কমেছে কর্তৃপক্ষ। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় এ সূচি প্রকাশ করে। পরীক্ষায় প্রায় ১৫ লাখ শিক্ষার্থী অংশ নিচ্ছে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার পুরস্রায় বৃহস্পতিবার যুগান্তরকে বলেন, এবারের পরীক্ষার সময়সূচির বিশেষত্ব হচ্ছে, আমরা পরীক্ষার গ্যাপ কমিয়েছি। আগে চেয়ে এবার ৭ দিন আগে লিখিত পরীক্ষা শেষ হবে। প্রধান বিষয়ের মধ্যে কমবেশি বিরতি আছে কিন্তু অপেক্ষাকৃত সহজ বিষয়ে কোনো বিরতি রাখা হয়নি। ২ মার্চ পর্যন্ত চলবে এ পরীক্ষা, যা আগে ৯ মার্চ পর্যন্ত চলত। তিনি আরও বলেন, একই প্রক্রিয়া এইচএসসিতে অনুসৃত হবে।

ঘোষিত সূচি অনুযায়ী, ২ ফেব্রুয়ারি প্রথম দিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে বাংলা প্রথমপত্র পরীক্ষা। ৫ ফেব্রুয়ারি বাংলা দ্বিতীয়পত্র, ৭ ফেব্রুয়ারি ইংরেজি প্রথমপত্র, ৯ ফেব্রুয়ারি ইংরেজি দ্বিতীয়পত্র এবং ১২ ফেব্রুয়ারি গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে ইসলাম ধর্ম ও নৈতিকতা, হিন্দু ধর্ম ও নৈতিকতা, বৌদ্ধ ধর্ম ও নৈতিকতা এবং খ্রিস্ট ধর্ম ও নৈতিকতা শিক্ষা পরীক্ষা। ১৪ ফেব্রুয়ারি হবে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## বিরতি কমেছে সময়সূচিতে

(৩য় পৃষ্ঠার পর)

খেলাধুলা পরীক্ষা। ১৬ ফেব্রুয়ারি পদার্থবিজ্ঞান, বাংলাদেশ ইতিহাস ও বিশ্ব সভ্যতা, ইতিহাস, ফিন্যান্স ও ব্যাংকিং এবং ব্যবসায় পরিচিতি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৯ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে রসায়ন, পৌরনীতি ও নাগরিকতা এবং ব্যবসায় উদ্যোগ পরীক্ষা। ২০ ফেব্রুয়ারি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা। ২২ ফেব্রুয়ারি বিজ্ঞান, সাধারণ বিজ্ঞান এবং উচ্চতর গণিত পরীক্ষা। ২৩ ফেব্রুয়ারি ক্যারিয়ার শিক্ষা। ২৬ ফেব্রুয়ারি বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং সামাজিক বিজ্ঞান পরীক্ষা। ২৭ ফেব্রুয়ারি ভূগোল ও পরিবেশ এবং বাণিজ্যিক ভূগোল পরীক্ষা। ২৮ ফেব্রুয়ারি জীববিজ্ঞান ও অর্থনীতি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব পরীক্ষা সকালে নেয়া হবে।